



তথ্যবিবরণী

নম্বর-১৭৯

## রাজশাহীতে 'বিজয়ের উল্লাসে, তারুণ্যের উচ্ছ্বাসে' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

রাজশাহী; ১৪ মাঘ (২৮ জানুয়ারি):

আজ মঙ্গলবার (২৮ জানুয়ারি) দুপুরে রাজশাহী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা তথ্য অফিসের আয়োজনে 'বিজয়ের উল্লাসে, তারুণ্যের উচ্ছ্বাসে' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক আফিয়া আখতার।

জেলা প্রশাসক বলেন, ৫১ দিন ব্যাপী তারুণ্যের উৎসব চলছে আমরা তা পালন করছি। তারই একটি উৎসব হচ্ছে 'বিজয়ের উল্লাসে, তারুণ্যের উচ্ছ্বাসে'। আমাদের এই স্মৃতিগুলোকে জাগিয়ে রাখতে হবে, তাহলেই আমরা সামনের দিকে লক্ষ্য স্থির করতে পারবো। আমরা যদি এটা ভুলে যাই আমরা কী পরিস্থিতির মধ্যে ছিলাম এখন আমরা কীভাবে সেখান থেকে উত্তরণ ঘটানোর চেষ্টা করছি, তাহলেই কিছু আমরা আমাদের লক্ষ্য স্থির করতে পারবো। অতীতে যে ভুলগুলো আমরা করেছি, যে ভুল পথে চলেছি সেটা আমাদের পরিহার করতে হবে।

তিনি বলেন, দেশ ও রাষ্ট্র গঠনে আমরা সকলে এক সাথে কাজ করবো। রাষ্ট্রের এবং জনগণের ভালোর জন্য চিন্তা করবো, শুধু নিজের ভালোর জন্য চিন্তা করলে আমরা ভুল পথে চলে যেতে পারি। আমাদের জাতিসত্ত্বার চিন্তাটা সকলের ভিতরে জীবিত রাখতে হবে।

অনুষ্ঠানের শুরুতে জুলাই-আগস্টের ভয়াবহতার উপর একটি ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। ডকুমেন্টারি প্রসঙ্গে আফিয়া আখতার বলেন, ৫/৬ মাস পরে আমি আবার নতুন করে উজ্জীবিত হলাম আমার মনে হয় আপনারাও এ বিষয়ে সহমত জানাবেন। কী পরিস্থিতি আমাদের গিয়েছে আমরা জানি। ভবিষ্যতে আমরা এধরনের কোনো কিছু দেখতে চাই না। সুন্দর একটি বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয়ে সকলকে একত্রে কাজ করার আহ্বান জানান তিনি।

জেলা তথ্য অফিসের উপপরিচালক নাফেয়ালা নাসরিন এর সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক উম্মে কুলসুম সম্পা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক শারমিন সুলতানা। এছাড়াও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক, বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক-শিক্ষার্থী এবং বিভিন্ন এনজিও প্রতিনিধি উপস্থিত ছিলেন।

আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৫.৪০ ঘ.